

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, শিবালয়, মানিকগঞ্জ
<http://doict.shibaloy.manikganj.gov.bd>

স্মারক নং- ৫৬.০৪.৫৬৭৮.০০০.৯৯.০০৫.২৩-০৩


তারিখঃ

০৫ই অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
২০শে নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: শেখ রাসেল ডিজিটাল ল্যাবের ল্যাপটপ নির্ধারিত কক্ষে সংরক্ষণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তারই ধারাবাহিকতায় স্কুল, কলেজসমূহকে পর্যায়ক্রমে শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রদান করা হচ্ছে। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় জেলা প্রশাসক মহোদয়, এডিসি(শিক্ষা ও আইসিটি) মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয় আকস্মিক ভ্রমণে শেখ রাসেল ল্যাব প্রাপ্ত স্কুলসমূহ পরিদর্শনকালে দেখতে পেয়েছেন যে, ল্যাবে যে কয়টি ল্যাপটপ দেওয়া হয়েছিল, তার অর্ধেক ল্যাপটপও ল্যাবের জন্য বরাদ্দকৃত রুমে পাওয়া যাচ্ছে না, যা ল্যাব প্রদানকারী ডিপার্টমেন্ট আইসিটি অধিদপ্তরের মর্যাদা হানিতে ভূমিকা রাখছে। ল্যাব পাওয়ার আগে করা চুক্তিতে উল্লেখ ছিল যে, কোনভাবেই প্রতিষ্ঠানের ল্যাপটপ ব্যক্তিগত কাজের জন্য বাড়িতে নেওয়া যাবে না। ব্যবহারের প্রয়োজন হলে ল্যাবের জন্য নির্ধারিত কক্ষে বসে কার্য সম্পাদন করতে হবে। এই বিষয়টি সংশ্লিষ্ট প্রধান শিক্ষক মহোদয়গণ অবগত। উর্দ্ধতন কর্তৃপক্ষ আবারও যেকোন সময় ল্যাবসমূহ পরিদর্শন করতে পারেন, তাই ল্যাবপ্রাপ্ত প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক মহোদয়দের নিকট বিনীত অনুরোধ, ল্যাবের জন্য প্রাপ্ত ল্যাপটপসমূহ যেন ল্যাবেই থাকে, সেই ব্যবস্থা গ্রহণ করণ, অন্যথায় এই সমস্ত দায়ভার সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণদের বহন করতে হবে।

প্রাপক
প্রধান শিক্ষক(সকল)
শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ,
শিবালয়, মানিকগঞ্জ।

 ২০.১১.২৩

(মোঃ আক্তারুজ্জামান)
সহকারী প্রোগ্রামার(অঃ দাঃ)
আইসিটি অধিদপ্তর, উপজেলা কার্যালয়
শিবালয়, মানিকগঞ্জ
ইমেইল: aktar.cse09@gmail.com

স্মারক নং- ৫৬.০৪.৫৬৭৮.০০০.৯৯.০০৫.২৩- ৩(১)

তারিখঃ

০৫ই অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
২০শে নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১) এডিসি(শিক্ষা ও আইসিটি), মানিকগঞ্জ।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, শিবালয়, মানিকগঞ্জ।
- ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবালয়, মানিকগঞ্জ।
- ৪) অফিস কপি।

 ২০.১১.২৩

সহকারী প্রোগ্রামার(অঃ দাঃ)
শিবালয়, মানিকগঞ্জ।